

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

www nbr.gov.bd

নথি নং-অম/অসবি/জারাবো/জনসংযোগ/২০১৬/৮


তারিখ: ০৪ জানুয়ারি ২০১৭

### **‘দৈনিক প্রথম আলো’ পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য**

আজ ০৪ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ বুধবার ‘দৈনিক প্রথম আলো’ পত্রিকার ১২ পাতায় ‘অবশেষে খুলনা প্রিন্টিং বন্ধ’ শীর্ষক শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের একাংশের প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। উক্ত প্রতিবেদনের তৃতীয় অনুচ্ছেদে খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ কর্তৃক প্রতিষ্ঠানটির উৎপাদন বন্ধের কারণ হিসেবে ‘জাতীয় রাজস্ব বোর্ডের অসহযোগিতা ও কাঁচামালের সংকটকে দায়ী করা হয়েছে’। এ প্রসঙ্গে প্রতিষ্ঠানটি উক্ত প্রতিবেদনে উল্লেখ করেছে যে, “এনবিআর কেপিপিএলের বন্ড লাইসেন্স স্থগিত করেছে এবং কাস্টমস কর্তৃপক্ষ প্রতিষ্ঠানটির বেশ কিছু কাঁচামাল আটকে রেখেছে। এ অবস্থায় উৎপাদন সাময়িকভাবে বন্ড রাখা ছাড়া কোম্পানীর কাছে আর কোন বিকল্প নেই”।

জাতীয় রাজস্ব বোর্ড, খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ এর এই বক্তব্যের তীব্র প্রতিবাদ করছে এবং দেশবাসীকে অবহিত করছে যে, উক্ত প্রতিষ্ঠানের এরূপ বক্তব্য আদৌ সত্য নয়। উল্লেখ্য, মেসার্স খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ একটি অত্যন্ত বৃহৎ পর্যায়ের রাজস্ব ফাঁকি প্রদানকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্তৃক ২৭১,৭২,৪৪,১০০ (দুইশত একাত্তর কোটি বাহান্তর লক্ষ চুয়াল্লিশ হাজার একশত) টাকা রাষ্ট্রীয় রাজস্ব ফাঁকির অভিযোগ বাংলাদেশের সুপ্রিম কোর্টের আপীল বিভাগে মাননীয় প্রধান বিচারপতির নেতৃত্বে গঠিত পূর্ণ বেঞ্চে অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট বেঞ্চে হতে উক্ত ফাঁকিকৃত রাজস্ব আদায়ের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে আদেশ প্রদান করা হয়। বাংলাদেশের সর্বোচ্চ আদালত হতে খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ এর ফাঁকিকৃত রাজস্ব আদায়ের আদেশ প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড এই বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকাকে নির্দেশ প্রদান করে। তদুন্যায়ী কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা উক্ত প্রতিষ্ঠানটির রাজস্ব ফাঁকির অপরাধে জরিমানা বাবদ ধার্যকৃত ১০০ (একশত) কোটি টাকা সহ সর্বমোট ৩৭১,৭২,৪৪,১০০ (তিনশত একাত্তর কোটি বাহান্তর লক্ষ চুয়াল্লিশ হাজার একশত) টাকা বকেয়া রাষ্ট্রীয় রাজস্ব আদায়ের লক্ষ্যে যথাযথ আইনগত বিধি-বিধান অনুসরণপূর্বক আদেশ জারী করে। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার উক্ত আদেশের বিরুদ্ধে খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ কর্তৃক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনালে আপীল দায়ের করেন যা বর্তমানে বিচারাধীন (Subjudice)। উল্লেখ করা সমীচীন যে সাম্প্রতিক সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উদঘাটিত বৃহৎ অংকের রাজস্ব ফাঁকির ঘটনার মধ্যে এটি অন্যতম।

উল্লিখিত সংবাদ প্রতিবেদনটির প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের এই বক্তব্য একই গুরুত্ব সহকারে আপনার পত্রিকায় ছাপানোর জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ, মু' মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপক,

বার্তা সম্পাদক

দৈনিক প্রথম আলো

১০০ কাঞ্জী নজরুল ইসলাম অ্যাভিনিউ

ঢাকা-১২১৫।